দৈনিক ইত্তেফাক

তারিখ 15 NOV 1988
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 5
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র



## আবদুন নূর সার্ক কৃষিতথ্য কেন্দ্রের পরিচালক

সম্প্রতি আবদুন নূর সার্ক-এর কৃষি তথ্য কেন্দ্রের (সাইক) পরিচালক হিসাবে যোগদান করিয়াছেন। সার্ক-কাঠামোর মধ্যে কৃষি তথ্য কেন্দ্রই হইতেছে প্রথম স্থায়ী প্রতিষ্ঠান। এই জাতীয় প্রতিষ্ঠান সার্কের অন্যান্য সদস্য রাষ্ট্রেও প্রতিষ্ঠা করা হইবে। এই নিয়োগের পূর্বে জনাব নূর গত ২৫ বৎসর যাবৎ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রধান গ্রন্থাগারিক ছিলেন। তিনি ১৯৬৩ সালে আমেরিকার ডেনভার বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। ১৯৬২ সালে তিনি উত্তর আমেরিকান কলোর‍্যাডো বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর শিক্ষা প্রশাসন কোর্সেও যোগদান করেন। ১৯৮৫ সালে কমনওয়েলথ কৃষি ব্যুরো কর্তৃক অক্সফোর্ড হইতে কৃষি তথ্য বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত হন। মুন্সীগঞ্জ জেলার বিক্রমপুরের অধিবাসী জনাব নূর ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের প্রভাষক ও গ্রন্থাগার বিজ্ঞান বিভাগের খণ্ডকালীন শিক্ষকও ছিলেন।—প্রেস বিজ্ঞপ্তি